



ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমণ্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ৫৮৬১০২৯৪

Website : dhakacitycollege.edu.bd

সূত্র নং :

তারিখ : ১৬.০৭.২০২০

নোটিশ

সকল শিক্ষার্থীদের উদ্দেশে

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

আশাকরি তোমরা সকলেই সুস্থ্য আছ। তোমরা নিশ্চয়ই অবগত আছ যে, করোনা পরিস্থিতির কারণে সরকারি নির্দেশে ১৮ মার্চ, ২০২০ থেকে বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বাভাবিক পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। ঢাকা সিটি কলেজ সকল সময়েই শিক্ষার্থীদের কল্যাণে পাঠদান কার্যক্রম পরিচালনা করে থাকে। সে লক্ষ্যে প্রত্যেক শিক্ষা বর্ষের শুরুতে শিক্ষার্থীদের নিকট কলেজের প্রসপেক্টাস ও বার্ষিক কার্যক্রম (Academic Calendar) সরবরাহ করা হয়।


বার্ষিক কার্যক্রমে সংশ্লিষ্ট শিক্ষা বর্ষে প্রতিটি বিষয়ে কি পরিমাণ ক্লাস নেয়া হবে, Evaluation Test, ক্লাস টেস্ট, ১ম সেমিস্টার, ২য় সেমিস্টার, প্রমোশন টেস্ট, টেস্ট পরীক্ষা, মডেল টেস্ট (চূড়ান্ত প্রস্তুতিমূলক পরীক্ষা) কোন্ কোন্ তারিখে অনুষ্ঠিত হবে তার সম্ভাব্য সময়সূচি উল্লেখ করে সে অনুযায়ী অ্যাকাডেমিক কার্যক্রম পরিচালনা করা হয়। এ ছাড়া কলেজের শিক্ষা সহায়ক কার্যক্রমসমূহ যথারীতি নির্ধারিত সময়ে সম্পন্ন করা হয়। কিন্তু এই বছর করোনা মহামারীর কারণে কলেজের স্বাভাবিক কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটে। এরূপ অবস্থায় শিক্ষার্থীদের সার্বিক স্বার্থ বিবেচনায় শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশনাক্রমে ২২শে এপ্রিল ২০২০ থেকে পর্যায়ক্রমে দ্বাদশ শ্রেণি, অনার্স ১ম বর্ষ, অনার্স ২য় বর্ষ, অনার্স ৩য় বর্ষ, মাস্টার্স, বিবিএ প্রফেশনাল- ১ম সেমিস্টার, ৩য় সেমিস্টার, ৬ষ্ঠ সেমিস্টার, ৮ম সেমিস্টার, কম্পিউটার সায়েন্স এণ্ড ইঞ্জিনিয়ারিং- ১ম সেমিস্টার, ২য় সেমিস্টার, ৩য় সেমিস্টার ও এমসিএসই-এর অনলাইন ক্লাস অনুষ্ঠিত হচ্ছে। এ পর্যন্ত (৩০.০৬.২০১৭) দ্বাদশ শ্রেণির- ৮৫৩টি, অনার্স বিষয় সমূহে- ১১৬২টি সহ সর্বমোট ২০১৫টি অনলাইন ক্লাস অনুষ্ঠিত হয়েছে। এ কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভাগের পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত চলমান থাকবে। উল্লেখ্য যে, ইতিমধ্যে যে সমস্ত শিক্ষার্থীর কোর্স সম্পন্ন হয়েছে কিন্তু বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়নি তাদেরকেও পর্যায়ক্রমে অনলাইন ক্লাসের আওতায় আনার ব্যবস্থা করা হয়েছে।

অনলাইন Live ক্লাসে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অনেকেই তাৎক্ষণিকভাবে পাঠদানকৃত বিষয় ভালোভাবে আত্মস্থ করতে নাও পারে। তাছাড়া কোন শিক্ষার্থী ব্যক্তিগত সমস্যার কারণে অনলাইন Live ক্লাসে অংশগ্রহণ করতে অপারগ হলে তারা যাতে পরবর্তীতে প্রতিটি ক্লাসের বিষয়বস্তু পাঠ এবং আত্মস্থ করতে পারে সে লক্ষ্যে অনলাইন ক্লাসে পাঠদানকারী সংশ্লিষ্ট শিক্ষককে Live class-এর video record করে কলেজ Web Site, Youtube এবং Facebook page-এ Lecture-এর Video upload করতে বলা হয়েছে। যাতে শিক্ষার্থীবৃন্দ পরবর্তীতে যে কোন সময় Lecture Video টা দেখে তার প্রস্তুতি সম্পন্ন করতে পারে। পাশাপাশি শিক্ষার্থীদের সার্বিক স্বার্থ বিবেচনা করে প্রতিটি অনলাইন ক্লাসের Lecture Sheet pdf format আকারে Facebook group এবং কলেজে Web Site-এ সংযুক্ত রাখা হয়।

বর্তমান করোনা পরিস্থিতিতে পূর্বের ন্যায় স্বাভাবিক উপায়ে ক্লাস নেয়া সম্ভব হচ্ছে না বিধায় চলমান অনলাইন ক্লাস অনুষ্ঠান অব্যাহত থাকবে। সকল শিক্ষার্থী যেন নিজ নিজ শ্রেণি শিক্ষক/গাইড টিচার/বিভাগীয় প্রধান-এর সাথে যোগাযোগ রক্ষা করে নিয়মিত অনলাইন ক্লাসে অংশগ্রহণ করে এবং বাসায় নিয়মিত পড়াশুনা চালিয়ে যায়। শিক্ষার্থীদেরকে সার্বিক সহায়তা প্রদান ও পড়াশুনা সম্পর্কিত যে কোন সমস্যা সমাধানের জন্য প্রত্যেক সেকশনের গাইড টিচার/শ্রেণি শিক্ষককে এডমিন করে ফেইস বুক গ্রুপ করা হয়েছে। তোমরা প্রয়োজনে এডমিন-এর সাথে যোগাযোগ করে তোমাদের লেখাপড়া সংক্রান্ত সমস্যার সমাধান করতে পার। এছাড়া অত্র কলেজের প্রত্যেক কোর্স টিচারকে নির্দেশ দেয়া আছে যে, অনলাইন ক্লাসে কোন শিক্ষার্থী যদি কোন বিষয় বুঝতে না পারে তবে পরবর্তীতে অতিরিক্ত ক্লাস নিয়ে তা সমাধান করে দিতে হবে।

ঢাকা সিটি কলেজ-এ দেশের স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে অন্যতম একটি। এই কলেজের সুনাম ও সুখ্যাতি অর্জনে কলেজের ছাত্রছাত্রীদের ভূমিকা বিগত সময় থেকেই প্রনিধানযোগ্য। আমি আশা করবো ঢাকা সিটি কলেজের প্রত্যেক শিক্ষার্থী তাদের নিজ নিজ অবস্থান থেকে দায়িত্ব ও কর্তব্যবোধে উদ্বুদ্ধ হয়ে বর্তমানে চলমান অনলাইন ক্লাস প্রোগ্রামের সাথে সক্রিয় থেকে তাদের লেখা-পড়ার প্রস্তুতি সুন্দরভাবে চালিয়ে যাবে।

আমাদের এ অনলাইন ক্লাস কার্যক্রম চালিয়ে নেওয়ার জন্য কলেজ গভর্নিং বডির সদস্যবৃন্দ আমাদেরকে উদ্বুদ্ধ করেছেন; শিক্ষক-কর্মচারীবৃন্দ সক্রিয় ভূমিকা রাখছেন; সম্মানিত অভিভাবকবৃন্দ সাধুবাদ জানিয়েছেন। আমরা এদের সকলের নিকট কৃতজ্ঞ।


(প্রফেসর মো. আনোয়ার হোসেন)
অধ্যক্ষ 16.7.2020
ঢাকা সিটি কলেজ
ঢাকা।